

**প্রসঙ্গ: 'এক বিদ্যালয় থেকেই ১৭ জন!'**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জটনৈকা শামসুন নাহার ইসলাম-এর "এক বিদ্যালয় থেকেই ১৭ জন" শিরোনামে ২৫-৮-৮৯ তারিখের পত্রখানি আমার দৃষ্টি আকর্ষণ করেছে। প্রথমেই শ্রদ্ধেয়া শামসুন নাহার ইসলামকে জানাই অসংখ্য ধন্যবাদ এ কারণে যে, তিনি পাবনা ক্যাডেট কলেজের মাধ্যমিক পরীক্ষার অসাধারণ ও চমকপ্রদ ফলাফল আরেকবার

দেশবাগীর সামনে তুলে ধরেছেন। আসলে ব্যাপারটি বার বার মনে করবার মতোই। তবে পত্রলেখিকা ফলাফল দর্শনে চমকিত হয়েছেন নাকি নিদারুণ শোকে মুহ্যমান তার পত্রপাঠে তা সঠিক বোঝা গেল না।

ক্যাডেট কলেজ সম্পর্কে লেখিকার মনে অজ্ঞতাপ্রসূত যে ভুল ধারণা জন্ম নিয়েছে তার নিরসন হওয়ার প্রয়োজন আছে বলে মনে করি। কারণ দেশের সচেতন সমাজের কিছু অংশ এ দেশেরই কোন আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে ভুল ধারণা পোষণ করে যাবেন এবং অপরের মধ্যেও সঞ্চারিত করবেন তা কখনো হতে পারে না।

তিনি একই বিদ্যালয় (পাবনা ক্যাডেট কলেজ) থেকে ১৭জনের মেধা তালিকায় স্থান পাওয়াতে অবাক হয়েছেন। ফলাফলকে 'চমকপ্রদ' বলেছেন এবং সেই সংগে তার মনে খটকা লেগেছে -- এই কারণে যে রংপুর, বগুড়া

লেখিকা

লেখিকা

(লেখিকা)

(১১) লেখিকা

- (১) প্রণোদিত ও ভিত্তিহীন। হ্যাঁ, কতিপয় পরশ্রীকাতর লোকের চাপে স্বাধীনতার অব্যবহিত পরে বোর্ড কর্তৃপক্ষ রাজশাহী ক্যাডেট কলেজ কেন্দ্র বাতিল করেন।
- (২) ফলে ক্যাডেট কলেজের পরীক্ষার্থীদের সারদা কেন্দ্রে পরীক্ষা নিতে হয়। এতে কলেজ কর্তৃপক্ষের কোন আপত্তি ছিল না।
- (৩) কিন্তু বিস্ময়ের ব্যাপার হলো যে, সে বছর রাজশাহী ক্যাডেট কলেজের ফলাফল অতীতের সকল ফলাফলকে ম্লান করে দিয়েছিল।
- (৪) বুঝেই দশা যাদের হলো তারাই আবার উৎসাহী হয়ে শিক্ষা বোর্ডকে দিয়ে ক্যাডেট কলেজ কেন্দ্র পুনর্বহাল করালেন।
- (৫) আপনার কৌতুহল নিবারণের জন্য এসব তথ্য বোর্ড থেকেই জেনে নিতে পারেন।
- (৬) বাংলাদেশে অনেক শিক্ষা প্রতিষ্ঠান আছে যেখানে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকরাই পরীক্ষা গ্রহণ ও পরিচালনা করেন।
- (৭) সেখানে যেমন পরীক্ষা গ্রহণের

বৈধতা সম্পর্কে কোন প্রশ্ন উঠে না। ক্যাডেট কলেজের বেনামেও অনুরূপ প্রশ্ন উঠতে পারে না। এ ব্যাপারে লেখিকা খুবই তৃপ্ত যে, সারদা (রাজশাহী) ক্যাডেট কলেজ এবার রাজশাহী বোর্ডের অন্যান্য ভাল বিদ্যালয়ের মতোই ফলাফল করেছে। এটা সো বোর্ড কর্তৃপক্ষের নিরপেক্ষ বিচারেরই ফল। রাজশাহী, রংপুর ক্যাডেট কলেজের এবং বগুড়া ও রাজশাহীর ভাল ভাল বিদ্যালয়গুলোর তুলনায় পাবনা ক্যাডেট কলেজের এবারের ব্যাচ হয়তো অনেক ভাল ছিল বলেই পাবনা ক্যাডেট কলেজের ফলাফল হয়েছে 'চমকপ্রদ'। এতে বাকহীন হবার কোন কারণ আছে বলে মনে করি না।

লেখিকার সর্বশেষ উদ্ভাবন ছিল "ফলাফল বের হওয়ার আগে এবং পরে শোনা যাচ্ছিল কাকে প্রথম করার জন্য অন্য কারো নম্বর নাকি কমানো হয়েছে।"

(৭-এর পাতায় দেখুন)

**ভিত্তিপত্র**

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

এমন কি রাজশাহীর ভাল ভাল বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরাও মেধা তালিকায় এতসংখ্যক স্থান পায়নি। অথচ পাবনা ক্যাডেট কলেজ মেধা তালিকায় ২০টির মধ্যে ১৭টি স্থান পেল। লেখিকার অবগতির জন্য লিখছি ক্যাডেট কলেজগুলোর অতীত দেখুন, এই ফলাফল ক্যাডেট কলেজের জন্য নতুন কোন খবর নয়।

এই 'খটকা' লাগার পর লেখিকা কতিপয় বিজ্ঞজনের সাধে আলাপ আলোচনা ও পর্যালোচনা করে এই দিক্কাণ্ডে উপনীত হয়েছেন যে, বোর্ড পরীক্ষায় ক্যাডেট কলেজসমূহ বেশী সুবিধা ভোগ করেছে। ক্যাডেট কলেজের পরীক্ষার্থীরা ক্যাডেট কলেজ কেন্দ্রেই পরীক্ষা দিচ্ছে,

প্রত্যবেক্ষক কলেজেরই শিক্ষক, এবং পরীক্ষার্থীদের নির্ধারিত সময়ের বেশী সময় ধরে লিখতে দেয়া হয়, -- ইত্যাদি ইত্যাদি সুযোগ সুবিধার কথা উল্লেখ করেছেন। এখন আমার জিজ্ঞাসা হলো, পত্রলেখিকা কখনো কি ক্যাডেট কলেজ পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন করেছেন? অথবা ঐ ধরনের সুযোগ-সুবিধার কোন নজির তিনি পেয়েছেন? আমার ধারণা তিনি সম্ভবতঃ কখনই ক্যাডেট কলেজের পরীক্ষা কেন্দ্রে যাননি এবং সেখানকার পরীক্ষার্থীদের সুযোগ সুবিধারও কোন প্রত্যক্ষ তথ্য তিনি দিতে পারবেন না। তার এই ধারণা এবং ধারণাপ্রসূত পত্রটি অন্তঃসারণ্য, উদ্দেশ্য

**চিত্তিপত্র**

(৪-এর পাতায় পর)

হ্যাঁ, বোধ হয় এটা ঠিকই, কারণ যার নম্বর কমিয়ে দেয়া হয়েছে বলে তিনি মনে করেন তাকে প্রথম করলে হয়তো অসত্যকেই প্রতিষ্ঠা করা হতো। বোর্ড কর্তৃপক্ষকে আমি আন্তরিক অভিনন্দন জানাই এ কারণে যে তাদের এমন একটি সাহসী পদক্ষেপ গ্রহণের জন্যই সেখানে সত্যের জয় প্রতিষ্ঠিত হয়েছে।

অবশেষে পত্রলেখিকাকে এই পরামর্শ দিতে চাই যে, ক্যাডেট কলেজ বাংলাদেশের মাটিতেই প্রতিষ্ঠিত। ক্যাডেট কলেজ সম্পর্কে ভাল করে জানুন, বুঝুন তার পর মন্তব্য করুন। যদি সত্যি সত্যি সেখানে অনিয়ম কিছু থাকে তবে প্রমাণ সাপেক্ষে পত্র-পত্রিকায় লিখুন কোন আপত্তি থাকবে না। কিন্তু অনুরোধ, দয়া করে অন্ধকারে চিল ছুড়বেন না, তা' কারো জন্যই স্বাস্থ্যকর নয়।

অধ্যাপক মোঃ নজরুল ইসলাম,  
১৯।এ কালিবাড়ী রোড,  
ময়মনসিংহ।

(লেখিকা)

১১। লেখিকা

(১০)